

হিসাববিজ্ঞান

বিষয় কোড: ১ ৪ ৬

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

দ্রষ্টব্য: দক্ষিণ পাশ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। ক বিভাগ থেকে ২টি এবং খ বিভাগ থেকে যেকোনো ৫টিসহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।

ক-বিভাগ

১.▶ সায়েরা এন্ড কোং-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নে দেয়া হলো:

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পূ:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	প্রারম্ভিক মজুদ পণ্য		২৫,০০০	
২.	ক্রয় ও বিক্রয়		১,৩৪,০০০	১,৮৭,০০০
৩.	বিক্রয় বাট্টা ও ক্রয় বাট্টা		৫,০০০	৩,০০০
৪.	মজুরি ও বেতন		১১,০০০	
৫.	ভাড়া (১০ মাসের)		২৫,০০০	
৬.	প্রদত্ত কমিশন ও প্রাপ্ত কমিশন		৩,০০০	৫,০০০
৭.	বিমা সেলামি (৩১-৩-২০১৬ পর্যন্ত ১ বছরের জন্য)		৪,০০০	
৮.	দেনাদার ও পাওনাদার		১৯,০০০	৪০,০০০
৯.	শিক্ষানবিশ সেলামি			৫,০০০
১০.	শিক্ষানবিশ ভাতা		৪,০০০	
১১.	বিজ্ঞাপন		৮,০০০	
১২.	জলযান ভাড়া		১,০০০	
১৩.	হাতে নগদ		১,০০০	
১৪.	বিনিয়োগ		৬০,০০০	
১৫.	মূলধন			৬০,০০০
			৩,০০,০০০	৩,০০,০০০

অন্যান্য তথ্যাদি: ১. সমাপনী মজুদ পণ্য ৫০,০০০ টাকা। ২. ধারে পণ্য ক্রয় ও বিক্রয় ১০,০০০ টাকা ও ১৩,০০০ টাকা। ৩. প্রচারের জন্য বিনামূল্যে পণ্য বিতরণ ৬,০০০ টাকা। ৪. ক্রয় ফেরত ২,০০০ টাকা। ৫. মালিক কর্তৃক

বিক্রয়মূল্যে পণ্য উত্তোলন ২,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। ৬. পাওনাদারের ওপর ২% হারে বাট্টা সঞ্চিত করতে হবে।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা ৭৭,০০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী তৈরি করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে মোট সম্পদের পরিমাণ নির্ণয় করো। ৪

২. ▶ সামারা এন্ড কোং-এর ২০১৫ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ:

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পু:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	প্রারম্ভিক মজুদ পণ্য		১৫,০০০	
২.	ক্রয় ও বিক্রয়		১,২৫,০০০	২,২৮,০০০
৩.	আন্তঃফেরত ও বহিঃফেরত		৩,০০০	৪,৫০০
৪.	বহিঃপরিবহন		৭,০০০	
৫.	আন্তঃপরিবহন		৫,০০০	
৬.	বিজ্ঞাপন		১২,০০০	
৭.	১০% বিনিয়োগ		৩০,০০০	
৮.	দেনাদার		২৫,০০০	
৯.	বেতন		১৫,০০০	
১০.	শিক্ষানবিশ সেলামি			৪,০০০
১১.	কুঋণ ও কুঋণ সঞ্চিত		৩,০০০	৩,৫০০
			<u>২,৪০,০০০</u>	<u>২,৪০,০০০</u>

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ৪৫,০০০ টাকা ও বাজারমূল্য ৫০,০০০ টাকা। ২. বাকিতে বিক্রয় ১০,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। ৩. কুঋণ বাবদ ৩,০০০ টাকা অবলোপন করতে হবে। ৪. বিজ্ঞাপনের ৪/৫ অংশ বিলম্বিত করতে হবে।

ক. নিট দেনাদারের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট মুনাফা বা ক্ষতি নিরূপণ করো। ৪

গ. যথাযথ ছকের সাহায্যে নিট মুনাফা বা ক্ষতি বের করো। ৪

#### খ-বিভাগ

৩. ▶ জনাব সামিন নগদ ৩,০০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার পণ্য নিয়ে ২০১৬ সালের জানুয়ারি ১ তারিখে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তিনি নিম্নলিখিত কাজগুলো সম্পন্ন করেন:

২০১৬

জানু. ৫ ব্যবসায়ের ব্যবহারের জন্য ৩০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করেন।

" ৮ বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।

" ১৫ ৫,০০০ টাকা জমা দিয়ে সোনালী ব্যাংকে একটি হিসাব খোলা হলো।

- ক. মোট ক্রয়ের পরিমাণ কত? ২  
খ. লেনদেনগুলোর ডেবিট ও ক্রেডিট পক্ষ সনাক্ত করো। ৪  
গ. লেনদেনে অংশগ্রহণকারী প্রতিটি হিসাবের শ্রেণিবিভাগ হকের সাহায্যে দেখাও। ৪

৪. ▶ সাকিব কনফেকশনারীর ২০১৫ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ:

ব্যবসায় মূলধন বিনিয়োগ ৪,৪০,০০০ টাকা। ব্রেড, বিস্কুট ও অন্যান্য খাদ্যসামগ্রী ক্রয় ২,৮০,০০০ টাকা। বিদ্যুৎ ও টেলিফোন বিল প্রদান ১৭,০০০ টাকা। দোকানের ভাড়া প্রদান ১৪,০০০ টাকা, যার মধ্যে ২,০০০ টাকা অগ্রিম। সারা বছরে বিক্রয়ের পরিমাণ ৪,২২,০০০ টাকা। ব্যবসায়ের প্রয়োজনে বন্ধুর নিকট থেকে কর্জ নেয় ৬০,০০০ টাকা। ব্যবসায় হতে জীবন বিমা প্রিমিয়াম বাবদ প্রদান ১,২০০ টাকা। উৎপাদকের নিকট থেকে কমিশন প্রাপ্তি ৭,৫০০ টাকা। বিক্রয়কর্মীর বেতন প্রদান ১৮,০০০ টাকা।

- ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২  
খ. মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ কত? ৪  
গ. হিসাবকাল শেষে উক্ত ব্যবসায়ের মালিকানাধ্বত্বের পরিমাণ নির্ণয় করো। ৪

৫. ▶ সাকি চন্দ্র পাল একজন ব্যবসায়ী। ২০১৬ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায় নিম্নলিখিত ঘটনাগুলো সংঘটিত হয়েছে:

ডিসে. ১ ২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।

" ৩ জনতা ব্যাংকে ২,০০০ টাকা দিয়ে একটি হিসাব খোলা হলো।

" ৫ ধারে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।

" ৭ নগদে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা।

" ১০ ব্যাংক থেকে ব্যক্তিগত প্রয়োজনে ঋণ গ্রহণ ১০,০০০ টাকা।

" ২০ নগদে আসবাবপত্র ক্রয় ৩,০০০ টাকা।

- ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় করো। ২  
খ. কারণসহ কারবারি লেনদেনসমূহের ডেবিট ও ক্রেডিট নির্ণয় করো। ৪  
গ. বিবরণী হকে হিসাব সমীকরণের ওপর লেনদেনসমূহের প্রভাব দেখাও। ৪

৬. ▶ সাদমান স্টোর, বরিশালের সায়মান ট্রেডার্সকে নিম্নলিখিত পণ্যগুলো ফেরত পাঠিয়েছেন:

২০১৭

মার্চ ৫ নিম্নমানের জন্য প্রতি বস্তা ২০০ টাকা দরে ২০ বস্তা আলু ফেরত পাঠানো হলো। ডেবিট নোট ১৮।

" ২০ নমুনা মাফিক না হওয়ায় প্রতি কেজি ২০ টাকা দরে ১ কুইন্টাল আটার মধ্যে ২০ কেজি ফেরত পাঠানো হলো। ডেবিট নোট ২২।

ক. ২০ তারিখের লেনদেনে সায়মান ট্রেডার্সের পাওনার পরিমাণ কত? ২

খ. ৫ মার্চ তারিখের লেনদেন অবলম্বনে একটি ডেবিট নোট প্রস্তুত করো। ৪

গ. উদ্দীপকের লেনদেনের আলোকে ক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করো। ৪

৭.► জনাব সাক্ষির ঢাকার মিরপুরের একজন ব্যবসায়ী। তার প্রতিষ্ঠানের ২০১৭ সালের জুন মাসের কিছু লেনদেন নিম্নরূপ:

২০১৭

জুন ১ শাহীন স্টোরস-এর নিকট হতে ক্রয়, প্রতি কেজি ১৫০ টাকা দরে ২০ কেজি ডাল। কারবারি বাট্টা ১০%। চালান নং ২৫০। শর্ত ৩/১০, নিট ২৫।

" ১০ শিমুল ট্রেডার্স-এর নিকট হতে ক্রয়, প্রতি প্যাকেট ৫০ টাকা দরে ১০০ প্যাকেট গুড়ো দুধ। কারবারি বাট্টা ২%। চালান নং ২৫১, শর্ত ৪/১৫, নিট ২০।

" ২৫ রবি ট্রেডার্স-এর নিকট হতে ক্রয়, প্রতি কেজি ৮০০ টাকা দরে ২০ কেজি চা পাতা ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং ২৫৫। শর্ত ৩/১০, নিট ২৮।

ক. জুন ১ ও ১০ তারিখের কারবারি বাট্টার পরিমাণ কত? ২

খ. ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. সাধারণ খতিয়ান হিসাবসমূহ প্রস্তুত করো। ৪

৮.► মি. সাদিক একজন খুচরা ব্যবসায়ী। ২০১৫ সালের মে মাসে তার প্রতিষ্ঠানে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়:

মে ১ হাতে নগদ ও ব্যাংক জমা যথাক্রমে ২৮,০০০ টাকা ও ১০,০০০ টাকা।

" ৫ চেক মারফত পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা, চেকটি সজেগে সজেগে ব্যাংকে জমা দেওয়া হলো।

- " ৮ ব্যাংক থেকে উত্তোলন ৫,০০০ টাকা ।
- " ১০ পণ্য ক্রয় বাবদ চেক প্রদান ৬,০০০ টাকা ।
- " ১২ আসবাবপত্র ক্রয় বাবদ নগদ ৮,০০০ টাকা এবং ৪,০০০ টাকার চেক প্রদান ।
- " ১৬ নগদ বিক্রয় ১০,০০০ টাকা ।
- " ১৯ অতিরিক্ত মূলধন আনয়ন ৫,০০০ টাকা ।
- " ২৩ পৃথার নিকট হতে প্রাপ্তি ৩,০০০ টাকা ।
- " ২৬ পুরাতন আসবাবপত্র বিক্রয় ১,০০০ টাকা ।
- " ৩০ সাজিদের নিকট ৪,০০০ টাকা পাওনার পূর্ণনিষ্পত্তিতে ৩,৮০০ টাকা প্রাপ্তি ।

- ক. মাস শেষে আসবাবপত্রের পরিমাণ নির্ণয় করো । ২
- খ. মি. সাদিকের মে ১ তারিখ হতে ১২ তারিখের লেনদেনের সাহায্যে দুইঘরা নগদান বই প্রস্তুত করো । ৪
- গ. মি. সাদিকের মে ১৬ তারিখ হতে ৩০ তারিখের লেনদেনের সাহায্যে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করো । ৪

৯.► রতন ট্রেডার্স-এর হিসাবরক্ষক কর্তৃক প্রস্তুতকৃত রেওয়ামিলটিতে কিছু অসামঞ্জস্য পরিলক্ষিত হয় । ত্রুটিপূর্ণ রেওয়ামিলটি নিম্নে প্রদত্ত হলো:

### রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৫

ক্রমিক নং	হিসাবের নাম	খ: পূ:	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
১.	প্রারম্ভিক মজুদ পণ্য			৪০,০০০
২.	ক্রয়		১,০৪,০০০	
৩.	বেতন		১২,০০০	
৪.	পাওনাদার		৪০,০০০	
৫.	দেনাদার			১৬,০০০
৬.	ব্যাংক জমার উদ্ধৃত			৪৫,০০০
৭.	আন্তঃফেরত		৩,০০০	

৮.	বহিমুখী বহন খরচ		৫,০০০
৯.	প্রদেয় বিল	২০,০০০	
১০.	১২% গৃহীত ঋণ		২০,০০০
১১.	দালানকোঠা	৪০,০০০	
১২.	আসবাবপত্র	১০,০০০	
১৩.	বরাদ্দকৃত বাট্টা		১০,০০০
১৪.	মালিক প্রদত্ত মূলধন	১,৪০,০০০	
১৫.	বিক্রয়		৬৫,০০০

- ক. মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ কত? ২
- খ. মুনাফা জাতীয় ব্যয় ও মূলধন জাতীয় ব্যয়ের পার্থক্য নির্ণয় করো। ৪
- গ. উদ্দীপকের আলোকে একটি শুদ্ধ রেওয়ামিল প্রস্তুত করো। ৪

১০.► সায়েমা প্রিন্টার্স ১,০০০ বই তৈরির জন্য একটি কাজ পায়, এজন্য নিম্নোক্ত খরচসমূহ হয়:

কাগজ ও ছাপার কালি ক্রয়	৮০,০০০ টাকা
প্রত্যক্ষ মজুরি	২৫,০০০ টাকা
কারখানা ভাড়া	১৫,০০০ টাকা
কারখানা ম্যানেজারের বেতন	২০,০০০ টাকা
অফিস ও প্রশাসনিক ব্যয়	১৮,০০০ টাকা
বিক্রয় পরিবহন	১৬,০০০ টাকা

- ক. সায়েমা প্রিন্টার্সের বই তৈরির মুখ্য ব্যয় নির্ণয় করো। ২
- খ. সায়েমা প্রিন্টার্সের বই তৈরির মোট ব্যয় নির্ণয় করো। ৪
- গ. মোট ব্যয়ের ওপর ২০% মুনাফা ধরে ১০০টি বইয়ের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪

১১.► জনাব সাবিকুর পেশায় একজন চিকিৎসক। তিনি চাকরির পাশাপাশি প্রাইভেট প্র্যাকটিসের মাধ্যমে অর্থ উপার্জন করেন। ৩১ ডিসেম্বর ২০১৫ সালের সমাপ্ত বছরের তার প্রাপ্তি ও প্রদান হিসাব ছিল নিম্নরূপ:

প্রাপ্তি ও প্রদান হিসাব

৩১ ডিসেম্বর ২০১৫ সালের সমাপ্ত বছরের জন্য

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
হাতে নগদ (০১-০১-১৫)	২৫,০০০	শেয়ারে বিনিয়োগ	১,০০,০০০
ব্যাংক জমা (০১-০১-১৫)	৩৫,০০০	খাদ্যসামগ্রী ক্রয়	৩০,০০০
বেতন থেকে আয়	১,৫০,০০০	ড্রাইভারের বেতন	৩৬,০০০
প্রাইভেট প্র্যাকটিস		গাড়ি মেরামত	২০,০০০
থেকে প্রাপ্তি	১,২০,০০০	পড়াশুনা খরচ	২৫,০০০
বাড়িভাড়া থেকে প্রাপ্তি	৩০,০০০	শিক্ষকের বেতন	১৮,০০০
		কম্পিউটার ক্রয়	৪০,০০০
		চিকিৎসা খরচ	৭,০০০
		বিদ্যুৎ ও জ্বালানি খরচ	১২,০০০
		মাছ, মাংস ও ডিম	১০,০০০
		আলমারি ক্রয়	১৫,০০০
		উপহার ক্রয়	৭,০০০
		হাতে নগদ (৩১-১২-১৫)	৪০,০০০
	<u>৩,৬০,০০০</u>		<u>৩,৬০,০০০</u>

০১-০১-১৫ তারিখে সম্পদ ও দায়ের উদ্ভূত ছিল নিম্নরূপ:

আসবাবপত্র ২৫,০০০ টাকা, যন্ত্রপাতি ১৫,০০০ টাকা, পাওনাদার হিসাব ১২,০০০ টাকা।

৩১-১২-২০১৫ তারিখে অন্যান্য তথ্য:

১. চলতি বছরের বেতন বকেয়া ৭,০০০ টাকা। ২. প্রাপ্ত বাড়ি ভাড়ার ২,৫০০ টাকা পূর্ববর্তী বছরের এবং চলতি সালের বকেয়া ৩,২০০ টাকা। ৩. ড্রাইভারের বেতন বকেয়া ২,৪০০ টাকা।

ক. চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. ৩১ ডিসেম্বর ২০১৫ তারিখে সমাপ্ত বছরের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত করো। ৪

গ. বছর শেষের তারিখে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

বিষয় কোড: 

১	৪	৬
---	---	---

*বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।।*

১. কোনটির জন্য মানুষের অর্থনৈতিক কার্যক্রম বিস্তার লাভ করে?
  - ক) বিনিময় প্রথা
  - খ) মুদ্রার প্রচলন
  - গ) প্রযুক্তির উন্নয়ন
  - ঘ) নতুন পদ্ধতির প্রবর্তন
২. জবাবদিহিতা সৃষ্টিতে কোনটির ভূমিকা বেশি?
  - ক) হিসাবরক্ষকের
  - খ) হিসাববিজ্ঞানের
  - গ) হিসাব নথিভুক্তকরণের
  - ঘ) অর্থশাস্ত্রের
৩. পণ্য ক্রয়-বিক্রয়ের প্রামাণ্য দলিল কোনটি?
  - ক) ভাউচার
  - খ) চালান
  - গ) ক্যাশমেমো
  - ঘ) ডেবিট নোট
৪. অনাদায়ী পাওনা ধায় করা হলে নিচের কোনটি প্রভাবিত হবে?
  - ক) A ও L
  - খ) E ও L
  - গ) A ও E
  - ঘ) A, E ও L
৫. ব্যবসায়ের মোট সম্পদের ওপর তৃতীয় পক্ষের দাবিকে কী বলে?
  - ক) ব্যয়
  - খ) স্বত্বাধিকার
  - গ) মালিকানা স্বত্ব
  - ঘ) দায়
৬. দু'তরফা দাখিলা পদ্ধতির সুবিধা কোনটি?
  - ক) সহজ প্রয়োগ
  - খ) সামগ্রিক ফলাফল
  - গ) দ্বৈত সত্তা
  - ঘ) দাতা ও গ্রহীতা
৭. আর্থিক বিবরণী প্রস্তুত সহজতর করার উদ্দেশ্যে ঐচ্ছিক কাজ কোনটি?
  - ক) খতিয়ান
  - খ) রেওয়ামিল
  - গ) কার্যপত্র
  - ঘ) সমন্বয় দাখিলা
৮. জনাব কামরুলের প্রারম্ভিক মূলধন কত?
  - ক) ২,০০,০০০ টাকা
  - খ) ৩,০০,০০০ টাকা
  - গ) ৫,০০,০০০ টাকা
  - ঘ) ৮,০০,০০০ টাকা
৯. সমাপনী মূলধন প্রারম্ভিক মূলধনের চেয়ে কত বেশি?
  - ক) ৫০,০০০ টাকা
  - খ) ১,০০,০০০ টাকা
১০. মুনাফাজাতীয় ব্যয় হলো—
  - i. পণ্য ক্রয়
  - ii. যন্ত্রপাতি ক্রয়
  - iii. আমদানি শুল্ক
 নিচের কোনটি সঠিক?
  - ক) i ও ii
  - খ) ii ও iii
  - গ) i ও iii
  - ঘ) i, ii ও iii
১১. নির্দিষ্ট সময় অন্তর প্রতিটি হিসাব খাতের কোনটি নিরূপণ প্রয়োজন?
  - ক) নিট পরিমাণ
  - খ) মোট পরিমাণ
  - গ) মোট দায়
  - ঘ) মোট ব্যয়
১২. প্রাপ্য বিল হিসাবকে গণ্য করা হয়—
  - i. সম্পদ হিসাব
  - ii. ব্যক্তিবাহক হিসাব
  - iii. আয় হিসাব
 নিচের কোনটি সঠিক?
  - ক) i ও ii
  - খ) i ও iii
  - গ) ii ও iii
  - ঘ) i, ii ও iii
১৩. জাবেদাকে কোন বই হিসাবে অভিহিত করা হয় না?
  - ক) দৈনিক
  - খ) সহকারী
  - গ) মুখ্য
  - ঘ) প্রাথমিক

উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও:  
 জনাব কামরুলের ব্যবসায় ১-১-১৬ তারিখের সম্পদ ও দায় যথাক্রমে ৫,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকা এবং ৩১-১২-১৬ তারিখের



১৪. 'জার' শব্দের অর্থ কী?

- (ক) সময় (খ) দিবস  
(গ) ডাক (ঘ) হিসাব

১৫. হিসাবকাল শেষে খতিয়ানের জের নির্ণয়ে লিখিত হয়—

- i. C/D  
ii. C/F  
iii. C/G

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii  
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. সাধারণত কোনটির ডেবিট ব্যালেন্স হয়?

- (ক) বিক্রয় হিসাব (খ) দেনাদার হিসাব  
(গ) ঋণ হিসাব (ঘ) মূলধন হিসাব

১৭. নগদ তহবিল মিলিয়ে দেখা কার অপরিহার্য কর্তব্য?

- (ক) মালিকের (খ) ক্যাশিয়ারের  
(গ) ম্যানেজারের (ঘ) কর্মকর্তার

১৮. ব্যাংক হিসাবের ক্রেডিট উদ্ভূতের অর্থ কী?

- (ক) ব্যাংক চার্জ  
(খ) ব্যাংক আমানত  
(গ) ব্যাংক ওভারড্রাফট  
(ঘ) ব্যাংক সুদ

১৯. কলকজা ক্রয় ৫০,০০০ টাকা কলকজা হিসাবে ডেবিট না করে ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে— এটি কোন ধরনের ভুল?

- (ক) পরিপূরক ভুল (খ) বাদ পড়ার ভুল  
(গ) লেখার ভুল (ঘ) নীতিগত ভুল

উদ্বীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:  
ব্যবসায়ী আলম ২,৫০০ টাকা অগ্রিম ভাড়া প্রদান করেন। কিন্তু তার ব্যবসায় বকেয়া বেতন ৩,০০০ টাকা। প্রারম্ভিক মজুদ পণ্য ৫০০ টাকা এবং সমাপনী মজুদ পণ্য ৫,০০০ টাকা।

২০. রেওয়ামিলের যোগফল কত টাকা?

- (ক) ৩,০০০ (খ) ২,৫০০

(গ) ৫,০০০ (ঘ) ৫,৫০০

২১. বকেয়া বেতন কী ধরনের হিসাব?

- (ক) নামিক হিসাব (খ) সম্পদ হিসাব  
(গ) দায় হিসাব (ঘ) ব্যয় হিসাব

২২. কোনটি পরিচালন ব্যয়?

- (ক) শিক্ষানবিশ ভাতা (খ) বেতন  
(গ) মূলধনের সুদ (ঘ) ঋণের সুদ

২৩. কোনটি প্রত্যক্ষ খরচ?

- (ক) ভাড়া (খ) জাহাজ ভাড়া  
(গ) বহিঃপরিবহন (ঘ) রপ্তানি শুল্ক

২৪. দীর্ঘমেয়াদি দায় কোনটি?

- (ক) পাওনাদার (খ) প্রদেয় বিল  
(গ) বন্ধকি ঋণ (ঘ) বকেয়া বেতন

২৫. কোনটি বিক্রয় উপরিব্যয়?

- (ক) বিজ্ঞাপন (খ) মনিহারি  
(গ) কারখানা ভাড়া (ঘ) টেলিফোন

২৬. উৎপাদন ব্যয় ও বিক্রয় উপরিব্যয়ের যোগফল হলো—

- (ক) মুখ্য ব্যয় (খ) কারখানা ব্যয়  
(গ) মোট ব্যয় (ঘ) উৎপাদন ব্যয়

২৭. মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয় = ?

- (ক) উৎপাদন ব্যয় (খ) মোট ব্যয়  
(গ) নিট ব্যয় (ঘ) চূড়ান্ত ব্যয়

২৮. পারিবারিক হিসাবে কোনটি বিনিয়োগ?

- (ক) শিক্ষা ব্যয় (খ) মাছ বিক্রয়  
(গ) দৈনন্দিন খরচ (ঘ) পুকুর সংস্কার

২৯. পারিবারিক বাজেট নমুনায় শিক্ষাখাতে ব্যয়ের শতকরা কত হার?

- (ক) ১০-২০% (খ) ১০-১৫%  
(গ) ২০-২৫% (ঘ) ২৫-৩০%

৩০. পারিবারিক আর্থিক বিবরণী কয়টি পর্যায়ে প্রস্তুত করা হয়?

- (ক) ২ (খ) ৩  
(গ) ৪ (ঘ) ৫

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০